Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ
সাপ্তাহিক সংবাদ-পত্র

## জাঙ্গপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৴৹ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতি বার ।৹ আনা, ১৲ এক টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা

নগদ মূল্য ৴৹ এক আনা।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ

হাতে কাটা
বিশুদ্ধ পৈতা
পণ্ডিত-প্রেসে পাইবেন।

সুলভ ভাণ্ডার
সাইকেল, টায়ার, টিউব, হ্যাসাগ, গ্রামোফোন প্রভৃতি পার্টস্ বিক্রেতা ও মেরামতকারক।
নির্দ্ধারিত সময়ে সাইকেল সরবরাহ করা হয়।
রঘুনাথগঞ্জ — চাউলপটি

৪০শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—১৩ই আষাঢ় বুধবার ১৩৬৩ ইংরাজী 27th June. 1956 { ৭ম সংখ্যা।




## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত
### নিলামের দিন ৯ই জুলাই ১৯৫৬

১৯৫৬ সালের ডিক্রীজারী

৩২ খাঃ ডিঃ বাঁশরীমোহন সেন দিং দেং কেনারাম রায় ওরফে কানাইলাল রায় দিং দাবি ২৮৷৴৹ থানা রঘুনাথগঞ্জ মৌজে আম্রকনগর ২-১৫ শতকের কাত ২৮৶১ আঃ ২০০৲ খং ৬৮

৩৩ খাং ডিঃ ঐ দেং শ্যামাপদ রায় দিং দাবি ১৪৪৮৶৩ পাই থানা ঐ মৌজে পুঠিয়া ৮-৭৬ শতকের কাত ২৷৯ আঃ ৮৭৫৲

১৯ মনি ডিঃ রজনীমণি দাসী দেং সুরেন্দ্র ঘোষ দিং দাবি ৪৮০।৴৬ থানা সুতী মৌজে ঘোড়াপাখিয়া ২৫১১ জমার অন্তর্গত ৩১ শতক আঃ ১০০৲ খং ২৮৪ ২নং লাট মৌজাদি ঐ ১।৴২ জমার অন্তর্গত ১৮ শতক আঃ ১০০৲ খং ৩০২

### চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত
### নিলামের দিন ১৬ই জুলাই ১৯৫৬

১৯০৫ সালের ডিক্রীজারী

৩০১ খাং ডিঃ উমাপতি মুখোপাধ্যায় দেং অসিতবরণী ঘোষ দাবি ১১।৶৹ থানা সাগরদীঘি মৌজে ধামুষা ৩-৫৩ শতকের কাত ৯২ পাই আঃ ১০০৲ খং ৫৬

৩৪৫ খাং ডিঃ সরসীমোহন চৌধুরী দিং দেং আরতি মণ্ডলানী দাবি ১৭৮/৯ থানা ফরক্কা মৌজে শ্রীমন্তপুর ৭ শতকের কাত ১৷৹ আঃ ১০৲ খং ১০৫৮

১৯৫৬ সালের ডিক্রীজারী

৩৫ খাং ডিঃ গৌরচন্দ্র আলিপাত্র দিং দেং সৌরেন্দ্রমোহন গা[illegible] বিশ্বাস দিং দাবি ১৪৮৶৬ থানা সাগরদীঘি মৌজে বলরামবা[illegible] শতকের সেস ৶৹ আঃ ১০৲ খং ২৩৭

৩৬ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২২।৴৬ মৌজাদি ঐ [illegible] সেস ৷৩ আঃ ৭৫৲ খং ৮৭৯

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

১৩ই আষাঢ় বুধবার সন ১৩৬৩ সাল।

# পরীক্ষার ফলে হাসি-কান্না

—॰—

১৯৫৬ অব্দের পশ্চিম বাংলার স্কুল ফাইন্যাল পরীক্ষার ফল গত সোমবার প্রধান প্রধান কয়েকটি ইংরাজী ও বাংলা দৈনিক সংবাদপত্রে প্রকাশিত হইয়াছে। আমরা "জঙ্গিপুর সংবাদে" কেবলমাত্র জঙ্গিপুর কেন্দ্রের পরীক্ষায় যাঁহারা পাশ করিয়াছেন, তাঁহাদের রোল নম্বর কলিকাতার এক বিখ্যাত সংবাদপত্র হইতে উদ্ধৃত করিয়া প্রকাশ করিলাম। প্রত্যেক রোল নম্বরের বিভাগের সাঙ্কেতিক চিহ্ন না দিয়া প্রথম, দ্বিতীয় ও তৃতীয় বিভাগে পৃথক পৃথক ভাবে প্রকাশিত হইল।

জঙ্গিপুর কেন্দ্রের উত্তীর্ণ ছাত্র ছাত্রীদের সংখ্যা প্রথম বিভাগে ২ জন, দ্বিতীয় বিভাগে ১৯ জন তৃতীয় বিভাগে ১০৮ জন। তা ছাড়া কম্পার্টমেণ্টাল পরীক্ষায় পাশ করিয়াছেন।

সমস্ত পশ্চিমবাংলায় এবৎসর পরীক্ষা দিয়াছিলেন প্রায় ৭২ হাজার ছাত্র ছাত্রী। পাশ হইয়াছেন প্রায় ৩৪ হাজার। অকৃতকার্য্য যাঁহারা তাঁহাদের সংখ্যা প্রায় ৩৮ হাজার। ইঁহাদের মনোব্যথা ভুক্তভোগী ভিন্ন কেহ অনুভব করিতে পারিবে না। যাঁহারা পাশ করিয়াছেন তাঁহাদের মধ্যে তৃতীয় বিভাগীর সংখ্যাই অত্যধিক। ইঁহাদের মধ্যে যাঁহারা উচ্চতর শিক্ষালাভের আশায় কলেজে ভর্ত্তি হইতে যাইবেন, রেলগাড়ীতে তৃতীয় শ্রেণীর যাত্রীদের যে শোচনীয় দুরবস্থা, তৃতীয় বিভাগে উত্তীর্ণ ছাত্রগণ সন্নিকটস্থ মফঃস্বলের কলেজে স্থান যদি পান তবেই, নচেৎ অবস্থা 'কিং করোমি ক্ব গচ্ছামি।' আমরা বিফল-কাম অনুত্তীর্ণ ও সফলকাম উত্তীর্ণ অথচ স্থানাভাবে বিপন্ন উভয় শ্রেণীর শিক্ষার্থীর প্রত্যেককে বাংলার কবির ভাষায় সাহসে বুক বাঁধিতে বলি—

নিশিদিন ভরসা রাখিস্
দেখিস ও মন হবেই হবে।

আমরা জঙ্গিপুরের ( রঘুনাথগঞ্জ ) স্থানীয় দুইজন শিক্ষা-পিপাসু ( রতন ও মাণিকের ) দৃষ্টান্ত সকলের সম্মুখে তুলিয়া ধরিলাম।

## রতনের কথা

শ্রীমান্ দেবীরতন নাথ ( ডাকনাম—রতন ) বর্ত্তমানে জঙ্গিপুর আদালতে মোক্তারী করেন। তাঁহার পিতৃদেব স্বর্গত ডাক্তার বাবু হরিদাস নাথ মহাশয় অকালে পরলোকগমন করায় তাঁহার মধ্যম পুত্র রতনকে শিক্ষা লাভের অভিলাষ সাময়িকভাবে ত্যাগ করিয়া মোক্তারী পরীক্ষায় পাশ করিয়া উপার্জ্জন করিবার পন্থাবলম্বন করিতে বাধ্য হইতে হয়। রতনের জ্ঞানার্জ্জন স্পৃহা তাঁহাকে প্রাইভেট আই, এ, পরীক্ষা দিতে প্রবুদ্ধ করে। রতন মোক্তারী করেন, জ্যেষ্ঠ বঙ্কিমচন্দ্রের অনুপস্থিতিতে আড়তের কয়লা বেচেন, মায়ের হুকুম তামিল করেন, "যে রাঁধে, সে চুলও বাঁধে" এই প্রবাদবাক্যের সার্থকতার সহিত সামঞ্জস্য রাখিয়া আই, এ, র পাঠ্যের পাতাও উল্টান। গত আই, এ, পরীক্ষায় শ্রীমান্ রতন দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ হইয়া দৃষ্টান্ত স্থাপন করিয়াছেন।

## মাণিকের কথা

মাণিকের ভাল নাম শ্রীমান্ প্রণবকুমার চট্টো-পাধ্যায়। মাণিক রঘুনাথগঞ্জ চাউলপটির সাইকেল সরঞ্জাম বিক্রয় ও সাইকেল মেরামত কারখানার শ্রীবিশ্বেশ্বর চট্টোপাধ্যায় মহাশয়ের জ্যেষ্ঠ পুত্র। গত বৎসর স্কুল ফাইন্যাল পরীক্ষায় অঙ্কে কম্পার্টমেণ্টালের অনুমতি প্রাপ্ত হইয়া ফেল হন। বাবার কাছে, মায়ের কাছে, সহাধ্যায়ী উত্তীর্ণ বন্ধুদের কাছে মুখ দেখান দায় হইল। মাণিক শক্তিপুরের নিকটবর্ত্তী মাণিক্যহার এর ঠাকুর বংশের দৌহিত্র। মাণিক ফেল হইয়াছে সংবাদ যখন বাহির হইল তখন সে ছোট মামার বাসায় কলিকাতায়। মামা সাহেব কোম্পানির অফিসে চাকরী করেন। একটি চাকরী খালি হওয়ায় মামা মাণিককে সাহেবের কাছে পরীক্ষা দিবার ব্যবস্থা করিলেন। অঙ্কে ফেল মাণিককে সাহেবের কাছে অঙ্কের পরীক্ষা দিতে হইল। মাণিক পরীক্ষা দিয়া ১০০ নম্বরের মধ্যে ৯৬ নম্বর পাইলেন। অস্থায়ী চাকরী হইল। বেতন হইল মাসিক ৯৭৲। গত ফেব্রুয়ারীতে মাণিক চাকরীতে স্থায়ী হইলেন। মার্চ্চ মাসে বেতন হইল ১২০৲। মাণিক চাকরী করেন, আর কম্পার্টমেণ্টাল পরীক্ষা দিবার জন্য তৈরী হন। মাণিক কম্পার্টমেণ্টাল পরীক্ষা দিয়া এবার পাশ করিয়াছেন। আমরা ছেলেবেলায় এক আজগুবী গল্প শুনিয়াছিলাম, অসম্ভব হইলেও মাণিকের সম্বন্ধে খাটে বেশ। এক তাঁতিকে পদ্মা নদীতে হাঙ্গরে ধ'রে তার কোমর পর্য্যন্ত কেটে নিয়েছিল। এক বজরায় এক সাহেব ডাক্তার ছিলেন। তিনি ব্যাপার দেখে একটা ছোট বকনা গরুর কোমর পর্য্যন্ত কেটে তাঁতির কোমরে লাগিয়ে দিলেন। তাঁতির উপর দেহ মানুষ আর নীচের দিক গাই। সে এখন তাঁতও বোনে আবার ৶৩ তিন সের ক'রে দুধও দেয়। মাণিক টাইপ করা শিখছেন, আবার নিজের আয় বেশী ক'রে আই-কম পড়বেন শুন্‌ছি।

## মাণিকের মাসী-মা

মাণিকের মেসো মশাই কলিকাতায় চাকরী করেন। তিনি ম্যাটিক পাশ করিয়া চাকরীতে ঢোকেন। চাকরী করিতে করিতে পরীক্ষা দিয়া বি-কম পর্য্যন্ত উঠিয়াছেন। শোনা যাইতেছে এম-কম পরীক্ষা দিবার জন্য তৈরী হইতেছেন। মাণিকের মাসতুতো ভাই গতবার স্কুল ফাইন্যাল পাশ করিয়াছে। মাণিকের মাসী-মা ছেলের পাশ হওয়ার পর এবৎসর স্কুল ফাইন্যাল পরীক্ষা দিয়া তৃতীয় বিভাগে উত্তীর্ণা হইয়াছেন। বর্ত্তমানে তিনি সাতটি সন্তানের জননী।

## ৪৫ বৎসর বয়স্ক কেরাণী

"বর্দ্ধমান বাণী" সংবাদ দিতেছেন বর্দ্ধমান কালেক্টরীর কেরাণী শ্রীবিমলেন্দ্র শেখর মিত্র ২৫ বৎসর পূর্ব্বে প্রবেশিকা পরীক্ষায় পাশ করার পর এই বৎসর দ্বিতীয় বিভাগে আই.এ. পাশ করিয়া-ছেন। তিনি বর্ত্তমানে ডি.ভি.সির ল্যাণ্ড এ্যাকুই-জিসন বিভাগে কার্য্য করিতেছেন। তাঁহার বর্ত্তমান বয়স ৪৫ বৎসর।

——

## ১৯৫৬ অব্দের জঙ্গিপুর কেন্দ্রের স্কুল ফাইন্যাল পরীক্ষার ফল

জঙ্গিপুর কেন্দ্রের যে সকল পরীক্ষার্থী স্কুল ফাইন্যাল পরীক্ষায় পাশ করিয়াছে তাহাদের রোল নম্বর নিম্নে দেওয়া হইল।

প্রথম বিভাগ :— ১২, ১৪১

দ্বিতীয় বিভাগ :— ১, ৩২, ৩৮, ৩৯, ৪০, ৪১, ৪২, ৬৭, ৬৮, ৬৯, ৭০, ১১৯, ১২০, ১২২, ১২৬, ১২৭, ১৪২, ১৪৩, ১৬৪

তৃতীয় বিভাগ :— ২, ৩, ৪, ৫, ৬, ৮, ৯, ১০, ১১, ১৪, ১৫, ১৬, ১৮, ১৯, ২০, ২২, ২৬, ৩০, ৩৩, ৩৪, ৪৩, ৪৪, ৪৫, ৪৬, ৪৭, ৪৯, ৫০, ৫১, ৫২, ৫৩, ৫৪, ৫৬, ৫৭, ৬০, ৬১, ৬৩, ৬৬, ৭১, ৭২, ৭৩, ৭৪, ৭৫, ৮০, ৮৪, ৯১, ১০৪, ১০৫, ১০৯, ১১১, ১১২, ১১৬, ১২১, ১২৪, ১২৫, ১২৮, ১৩৪, ১৩৫, ১৩৭, ১৪৪, ১৪৫, ১৪৬, ১৪৭, ১৪৯, ১৫০, ১৫১, ১৫২, ১৬৫, ১৬৭

পরীক্ষার্থিনী জঙ্গি, এফ

তৃতীয় বিভাগ :— ৪, ৫, ৬, ১০, ১৪

জঙ্গি, এফ, পি, এ তৃতীয় বিভাগ :— ১

জঙ্গি, পি, এ তৃতীয় বিভাগ :— ৮, ১১, ১৫, ২২, ২৫, ২৬, ২৭, ৩১, ৩৪, ৪২, ৪৬, ৪৭, ৪৮, ৪৯, ৬২

জঙ্গি, পি, বি তৃতীয় বিভাগ :— ১, ২, ৩, ৬, ১৩, ১৫, ১৭, ২৪, ২৬, ২৭, ২৮, ২৯ ৩১, ৩২, ৩৩, ৩৫, ৩৬

জঙ্গি, পি, সি তৃতীয় বিভাগ :— ২, ৩

কম্পার্টমেণ্টাল পরীক্ষায় উত্তীর্ণ

এফ, পি, বি ৩ জঙ্গি, পি, এ ৩০, ৭৬

জঙ্গি, পি, বি ৩৯, ৪০, ৪১, ৪২, ৪৩, ৪৪, ৪৫, ৪৬, ৪৭, ৪৮, ৪৯, ৫০, ৫১, ৫২

আগামী ৩০শে আগষ্ট কম্পার্টমেণ্টাল পরীক্ষা দিবার অনুমতি প্রাপ্ত :— ১৩M, ৩৭E, ৭৭E, ৭৮E, ৭৯E, ১০৮E, ১১৩M, ১৬৬E

এফ ১E, ৯E, ১৫E

পি, এ ২৪E, ২৯E, ৩৫E, ৩৬M

পি, বি ১২E, ২০E

## পশ্চিমবঙ্গ সরকারী কর্ম্মচারিগণের (মিনিষ্টিয়াল অফিসারগণের) মুর্শিদাবাদ জেলা সম্মেলন

আগামী ৩০শে জুন পশ্চিমবঙ্গ সরকারী কর্ম্মচারীদের (মিনিষ্টিয়াল অফিসারগণের) মুর্শিদাবাদ জেলা সম্মেলন হইবে। শ্রীমণিময় গুহ, সভাপতি এবং শ্রীদেবজ্যোতি বর্ম্মণ প্রধান অতিথির আসন গ্রহণ করিবেন। সম্মেলনের উদ্বোধন করিবেন অধ্যাপক শ্রীনির্ম্মল ভট্টাচার্য্য এম, এস, সি।

এই উপলক্ষে শ্রীমণীন্দ্রনাথ মুখোপাধ্যায়কে সভাপতি ও শ্রীবিশ্বেশ্বর বন্দ্যোপাধ্যায়কে সম্পাদক করিয়া একটী অভ্যর্থনা সমিতি গঠিত হইয়াছে।


## জংগীপুর কলেজ

—•—

বি-এ, পাস কোর্স; আই, এস-সি (বায়োলজি সহ); আই, এ এবং আই, কম্ পড়ান হয়। অধ্যাপনার বিশেষ সুব্যবস্থা। পরীক্ষার ফল প্রতি বৎসর সন্তোষজনক। ১৯৫৫ এ আই, এস-সি' ৯৪% আই, এ' ৭৩%; ১৯৫৬ এ আই এস-সি' ৭৫% আই, এ' ৫৫% ১৯৫৩ এ আই, এস-সিতে ফাষ্ট-গ্রেড স্কলারশিপ (অষ্টম স্থান)। প্রচুর কন্‌সেশন ও ষ্টাইপেণ্ড। গত বৎসর মোট ২৪০০০৲ এর অধিক ষ্টাইপেণ্ড দেওয়া হইয়াছে। নব নির্ম্মিত সুন্দর দ্বিতল ছাত্রাবাস। ছাত্রাবাসের প্রতি ছাত্রের জন্য মাসিক ১০৲ ষ্টাইপেণ্ড আশা করা যায়। এন্ সি-সি ট্রেনিং এর ব্যবস্থা আছে।

## বাড়ী বিক্রয়

রঘুনাথগঞ্জ ফাঁসিতলায় ফৌজদারী কাছারীর দক্ষিণে সদর রাস্তার উপরে ২ খানি দোতলা পাকা বাড়ী ও তৎসংলগ্ন ফাঁকা জায়গা এবং রঘুনাথগঞ্জের মধ্যস্থলে শ্রীকেনারাম চন্দ্র মহাশয়ের বাড়ীর সন্নিকটে দোতলা পাকা বাড়ী বিক্রয় হইবে। সত্বর নিম্ন ঠিকানায় অনুসন্ধান করুন। ১৮।৬।৫৬

শ্রীহীরালাল রায়
সাং আহিরণ


## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

### নিলামের দিন ১৬ই জুলাই ১৯৫৬

১৯৫৬ সালের ডিক্রীজারী

৬৪ থাং ডিঃ সেবাইত বীরেন্দ্রনাথ মহাতা দিং দেং ইয়াদ হোসেন দিং দাবি ৭৪৬৬ পাই থানা সাগরদীঘি মৌজে পাউলী ২-৪৫ শতকের কাত ১৩॥৶১০ আঃ ১০০৲ খং ১৩০

৬৬ থাং ডিঃ বিশ্বেশ্বর ঘোষাল দেং ভুজঙ্গভূষণ দাস দিং দাবি ১৯৪৶৬ পাই থানা সাগরদীঘি মৌজে বিপ্রকালী ১২-৭৬ শতকের কাত ৩৮॥/৬ পাই আঃ ১০০০৲ খং ১

৭০ থাং ডিঃ কামেশ্বরনাথ লালা দেং মলিনচন্দ্র দাস দিং দাবি ২৪/৯ থানা সাগরদীঘি মৌজে মোরগ্রাম ২৯ শতকের হারাহারি কাত ১।৩ পাই আঃ ২৫৲ খং ৪৫৪

৭১ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৬৬।০ মৌজাদি ঐ ১-৫৮ শতকের হারাহারি কাত ৮৬১৫ গণ্ডা আঃ ৫০৲ খং ৪৫১


৭৩ থাং ডিঃ পাঁচুগোপাল রায় দিং দেং শ্যামাপদ সাহা দিং দাবি ৩৯॥৶০ থানা সাগরদীঘি মৌজে যোগপুর ৪-২৬ শতকের কাত ২৮৲ আঃ ১২৫৲ খং ৪৪৩

৭৪ থাং ডিঃ ভানুমতী দেবী দেং বন্দেশ্বরী দেবী দাবি ১৩৩।৯ পাই থানা সাগরদীঘি মৌজে বেলড়িয়া ১৯ ৪০ শতকের কাত ১৩২।৵১ আঃ ৫০০৲ খং ৩০১ অধীনস্থ খং ৩০২, ৩০৩ রায়ত স্থিতিবান

২ মনি ডিঃ মাশুরা খাতুন বিবি নাবালিকা পক্ষে অলি পিতা ও স্বয়ং ইয়াসিন সেখ দেং খাজেল বাগ দিং দাবি ৪৩৲৯ থানা সাগরদীঘি মৌজে তেলাঙ্গল ৪-৪৬ শতকের কাত ২৩॥৵০ তদন্তর্গত ১-১৭ শতক জমি খং ২৩৪

---


রঘুনাথগঞ্জ চাউলপটীতে "সুলভ ভাণ্ডার" নামক প্রতিষ্ঠানে সাইকেল, টায়ার, টিউব ও অন্যান্য পার্টস্, ষ্টোভ, হ্যাসাগ প্রভৃতি ন্যায্য মূল্যে পাওয়া যাচ্ছে।




## দি আর্ট ইউনিয়ন প্রিণ্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম : "আর্ট ইউনিয়ন" টেলিফোন : বড়বাজার ৪১২

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুর‍্যাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি
সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

* * *

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়

আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—




আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১৷৷০ টাকা ও মাশুলাদি ১৵০ এক টাকা তিন আনা।

সোল এজেণ্ট :—ডাঃ ডি, ডি, হাজরা

ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

## অরবিন্দ এণ্ড কোং

মহাবীরতলা পোঃ জঙ্গিপুর ( মুর্শিদাবাদ

ঘড়ি, টর্চ, ফাউণ্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্
এখানে নূতন কিনিতে পাইবেন।

এখানে সকল প্রকার সেলাই মেসিন, ফটো ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পাণ্ডত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।